শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

পত্র সংখ্যা: পরিবেশ/ওডিএস (লাইসেন্স)/৯১৫ (২৯তম খন্ড)/২০০৫-৭৬ তারিখ: ০২/০৬/২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ ২০২২ সালের (১ম কিস্তি) ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের কোটা বরাদ্দ প্রদান সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ হুমায়ুন কবীর, অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা। |
| স্থান | ঃ সভাকক্ষ (রুম-৬০৫) পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা। |
| তারিখ ও সময় | ঃ ৩০ মে ২০২২, দুপুর ২:০০ টা। |

সভায় উপস্থিতির তালিকা ঃ

(ক) জনাব মির্জা শওকত আলী, পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
(খ) সৈয়দ নজমুল আহসান, পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
(গ) জনাব মোঃ জিয়াউল হক, পরিচালক (ঢাকা অঞ্চল), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
(ঘ) ড. মোহাম্মদ আব্দুল মোতালিব, উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা), পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
(ঙ) ড. সত্যেন্দ্র কুমার পুরকায়স্থ, প্রজেক্ট কোঅর্ডিনেটর, ওজোন সেল, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

উপস্থাপনাঃ

০২। শুরুতেই সভাপতি সভায় উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সদস্য-সচিবকে সভার আলোচ্যসূচী উপস্থাপনের অনুরোধ করেন। সভাপতির অনুরোধের প্রেক্ষিতে সদস্য-সচিব জানান যে, বিগত ২৮/০৪/২০২২ ও ১২/০৫/২০২২ তারিখের ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের লাইসেন্স বরাদ্দ সংক্রান্ত কমিটির অনুষ্ঠিত পৃথক ২টি সভার সিদ্ধান্ত মোতাবেক আবেদন উল্লিখিত তথ্যাদি, ওডিএস ব্যবসায় সংশ্লিষ্টতা, গোডাউন, বিস্ফোরক পরিদপ্তরের অনুমোদন ইত্যাদি মেট্রিক্স আকারে সভায় উপস্থাপন করেন। একইসাথে বিগত ২৮ মে ২০২২ তারিখে কমিটির আহ্বায়ক ও সদস্য-সচিব কর্তৃক নরসিংদিতে অবস্থিত ফ্রাঙ্ক এন্ড ফুড কর্পোরেশন ও টিটন এন্ড কোম্পানি-এর অফিস ও গোডাউন পরিদর্শন করা হয়। কমিটির সদস-সচিব ২(দুই)টি প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন তথ্যাদি ও কিছু সংখ্যক আবেদন পুনঃ যাছাই বাছাই করে সভায় উপস্থাপন করেন।

আলোচনা ঃ

০৩। সভায় পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা) মেসার্স রামিম এন্টারপ্রাইজ কর্তৃক বাংলাদেশ রিফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং মার্চেন্ট এসোসিয়েশনের (ব্রামার) সদস্যপদ সনদ জালিয়াতির বিষয়ে আদালতে মামলা থাকায় মেসার্স রামিম এন্টারপ্রাইজকে ওডিএস বরাদ্দ পাওয়ার যোগ্য নয় মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে কমিটির অন্যান্য সকল সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

০৪। এ পর্যায়ে কমিটির সদস্য-সচিব ফ্রাঙ্ক এন্ড ফুড কর্পোরেশন ও টিটন এন্ড কোম্পানি নামক দুইটি প্রতিষ্ঠান পরিদর্শনের প্রেক্ষিতে সভাকে অবহিত করেন যে, গত ২৮/০৫/২০২২ তারিখে কমিটির আহবায়কের সাথে উক্ত দুইটি প্রতিষ্ঠান পরিদর্শনকালে দেখা যায় উক্ত প্রতিষ্ঠান ২টি গাজী সিমেন্ট মিলস লিঃ নামক প্রতিষ্ঠানের ঠিকানা ব্যবহার করেছে। উক্ত কারখানায় সিমেন্ট উৎপাদনের সাইলোসহ সিমেন্ট কারখানার সরঞ্জামাদি দেখতে পাওয়া যায়। টিটন এন্ড গ্যাস কোম্পানী এবং ফ্রাঙ্ক এন্ড ফুড করপোরেশনে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের ব্যবসায়িক চিহ্ন পাওয়া যায়নি এবং উক্ত স্থানে ওডিএস ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হয় মর্মে প্রতিয়মান হয় নি। যা উক্ত

প্রতিষ্ঠানের আবেদনে উল্লিখিত তথ্য ও ঘোষনার পরিপন্থী। এসময় উক্ত সিমেন্ট ফ্যাক্টরীতে অবস্থানরতদের সাথে কথা বলে জানা যায় যে উক্ত প্রতিষ্ঠানে কোন সময়ই ওডিএস গ্যাসের কোন গোডাউন ছিল না। সম্প্রতি একটি গোডাউন তৈরীর কাজ শুরু হয়েছে। পরিদর্শনকালে একটি নির্মাণাধীন গোডাউনের দুই পার্শ্বে দুটি প্রতিষ্ঠানের স্টিকার দেখা যায়। এ সকল বিষয়াদি পর্যালোচনায় কমিটির সদস্যবৃন্দ এ দুটি প্রতিষ্ঠানের আবেদন বিবেচনার যোগ্য নয় মর্মে একমত পোষণ করেন। ২০২১ সালের পরিদর্শন প্রতিবেদনে দেখা যায় যে, অরিয়েন্ট এক্সফোর্ট-ইমপোর্ট কোম্পানির বিক্রয় কেন্দ্রে রেফ্রিজারেন্ট জাতীয় গ্যাস মজুদ পাওয়া যায় নি। তাই এ সকল আবেদনসমূহ বিবেচনা না করার পক্ষে সদস্যগণ একমত পোষণ করেন। এ প্রসংগে কমিটির আহবায়ক সভাকে অবহিত করেন সম্প্রতি এ জাতীয় গ্যাসসহ সকল দাহ্য গ্যাস সংরক্ষণ, পরিবহন, বিক্রয় ইত্যাদি ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা প্রয়োজন। এর অংশ হিসেবে এ বিষয়ে ভবিষ্যতে গ্যাস সংরক্ষণের জন্য ব্যবহৃত গোডাউনসমূহের বিস্ফোরক পরিদপ্তরের লাইসেন্স ছাড়া এধরণের গ্যাস বন্দর হতে খালাস বা পরিবহন সম্ভব নাও হতে পারে। এ বিষয়টি গুরুত্বের সাথে দেখে লাইসেন্স প্রদানের বিষয়টি বিবেচনা করা প্রয়োজন মর্মে মতামত দেন।

০৫। এ পর্যায়ে পরিচালক (জলবায়ু পরিবর্তন) ওডিএস আমদানির লাইসেন্স বরাদ্দ সংক্রান্ত নীতিমালা অনুযায়ী বরাদ্দ প্রদানের বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন এবং পরিচালক (ঢাকা অঞ্চল) আলোচনায় অংশগ্রহণ করে বলেন যে, নীতিমালা অনুযায়ী যে সকল ক্রাইটেরিয়া নির্ধারণ করা হয়েছে (একই পরিবারের একাধিক সদস্য, স্টোরেজ ক্যাপাসিটি নেই, নির্ধারিত সময় পর্যন্ত আমদানী করতে ব্যর্থ হয়েছে ইত্যাদি) সেই ক্রাইটেরিয়া পূরণকারী প্রতিষ্ঠানসমূহকে লাইসেন্স প্রদানের সুপারিশ এবং এর বাইরের কাউকে লাইসেন্স প্রদান না করার সুপারিশ করেন।

০৬। পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা) বলেন যে, নীতিমালা অনুযায়ী উৎপাদনকারী, সার্ভিসিং ও বাণিজ্যিক আমদানি কারকগণকে পৃথকভাবে মুল্যায়ন করা প্রয়োজন এবং উৎপাদনকারী ও সার্ভিসিংয়ের সাথে যারা সরাসরি সম্পৃক্ত তাদেরকে পৃথকভাবে মুল্যায়ন করে তাদের অগ্রাধিকার প্রদান করা উচিত। এ প্রস্তাবে কমিটির অন্যান্য সদস্যগণও একমত পোষণ করেন।

০৭। ওজোন স্তর ক্ষয়কারী দ্রব্যের লাইসেন্সের জন্য প্রাপ্ত আবেদনসমূহে উল্লিখিত তথ্যাদি, ওডিএস ব্যবসায় সংশ্লিষ্টতা, গোডাউন, বিস্ফোরক পরিদপ্তরের অনুমোদন সংক্রান্ত মেট্রিক্স আকারে উপস্থাপিত তথ্যাদি এবং কমিটির সদস্য কর্তৃক পরিদর্শন তথ্যাদি বিশ্লেষণ করে সভায় বিস্তারিত আলোচনা পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ঃ

ক) উৎপাদনকারী, সার্ভিসিং ও বাণিজ্যিক আমদানি কারকগণকে পৃথকভাবে মুল্যায়ন করা হয় এবং উৎপাদনকারী ও সার্ভিসিংয়ের সাথে যারা সরাসরি সম্পৃক্ত তাদেরকে পৃথকভাবে মুল্যায়ন করে তাদের অগ্রাধিকার প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

খ) একই মালিকানাধীন একাধিক আবেদন থাকায় সেকল প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের লাইসেন্স প্রদান না করার সুপারিশ গৃহীত হয়;

গ) টিটন এন্ড গ্যাস কোম্পানী এবং ফ্রান্‌ক এন্ড ফুড করপোরেশন কমিটি পরিদর্শনে যথাযথ প্রতিষ্ঠান হিসাবে পরিলক্ষিত না হওয়ায়, এ দুটি প্রতিষ্ঠানের অনুকূলে ওজোনস্তর ক্ষয়কারী দ্রব্যের লাইসেন্স প্রদান না করার সুপারিশ গৃহীত হয়;

ঘ) ব্রামার সদস্য সনদ জালিয়াতির বিষয়ে আদালতে মামালা থাকায় মেসার্স রামিম এন্টারপ্রাইজকে ওডিএস বরাদ্দ প্রদান না করার সুপারিশ গৃহীত হয়;

ঙ) উৎপাদনকারী, সার্ভিসিং ও বাণিজ্যিক আমদানিকারক সকল প্রতিষ্ঠানকে সমহারে অর্থাৎ ৭.৭৫২ মেট্রেক টন বা ০.৪২৬ ওডিপি টন করে বরাদ্দ প্রদানের সুপারিশ সিদ্ধান্ত গৃহীত হয়;

চ) এতদ্‌সঙ্গে সংযুক্ত ছক-ক এ আবেদনকারী প্রতিষ্ঠানসমূহকে তাদের নামের পাশে বর্ণিত পরিমানে (R-22) গ্যাস আমদানির জন্য লাইসেন্স বরাদ্দের সুপারিশ গৃহীত হয়;

ছ) এতদসঙ্গে সংযুক্ত ছক-ক এ কার্যবিবরনীর অংশ হিসেবে গণ্য হবে।

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02/06/2022
(মোহাম্মদ আব্দুল মোতালিব)
উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য সচিব

02/06/22
(মির্জা শওকত আলী)
পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ)
ও
সদস্য

02/06/2022
(মোঃ জিয়াউল হক)
পরিচালক (ঢাকা অঞ্চল)
ও
সদস্য

02/06/2022
(সৈয়দ নজমুল আহসান)
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য

02/06/2022
(মোঃ হুমায়ুন কবীর)
অতিরিক্ত মহাপরিচালক
ও
আহ্বায়ক

ছক-ক

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২২ সালের ১ম কিস্তির জন্য সুপারিশকৃত R-22 (মে.টন) | কমিটি কর্তৃক ২০২২ সালের ১ম কিস্তির জন্য সুপারিশকৃত R-22 (ওডিপি টন) |
|---|---|---|---|
| **(ক) উৎপাদনকারী/সংযোজনকারী প্রতিষ্ঠান ক্যাটাগরি** | | | |
| ১ | এসি বাজার ইন্ডাস্ট্রিজ লিঃ<br>দক্ষিণ ফেদাই নগর, বারইয়াডালা, সীতাকুন্ড, চট্টগ্রাম | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২ | সুপ্রিম এয়ারকন্ডিশনিং কোম্পানি<br>৭২১/সি, উত্তরখান, উত্তরা, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩ | এলিট হাইটেক ইন্ডাষ্ট্রিজ লিমিটেড<br>প্লট-৬৬১৩, করপাই, বুড়িচং, কুমিল্লা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| **(খ) সার্ভিসিং প্রতিষ্ঠান ক্যাটাগরি** | | | |
| ১ | সিটি এন্টারপ্রাইজ<br>বাড়ী-৫৭১, রোড-৮, বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২ | প্যারিস ইঞ্জিনিয়ারিং<br>৭৯ গ্রীণ রোড, গ্রীণ ভিউ সুপার মার্কেট, দোকান নং-৭, ঢাকা ১২১৫ | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩ | ইমরান এন্টারপ্রাইজ লিঃ<br>দক্ষিণ ফেদাই নগর, বারইয়াডালা, সীতাকুন্ড, চট্টগ্রাম | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৪ | আল আমিন রিফ্রিজারেশন এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস<br>ক-৮৪/ডি, ৪র্থ তলা, প্রগতি সরনী, সাজাদপুর, গুলশান, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৫ | কুলিং পয়েন্ট মার্কেটিং কোম্পানি<br>১৪/ক, পিসিকালচার ভবন, কক্ষ নং-১/এ (৩য় তলা), শ্যামলী, আদাবর, ঢাকা। | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৬ | প্যারাডাইজ<br>বি-৫৪, গুলশান শপিং সেন্টার, নীচতলা, গুলশান-১, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| **(খ) পুরাতন আমদানিকারক প্রতিষ্ঠান ক্যাটাগরি** | | | |
| ১. | এইচ কে ট্রেডিং<br>১০৫ ইসলামপুর রোড, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২. | রিয়াজ এন্টারপ্রাইজ<br>৩৫/৫ ব্লক-এফ বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩. | সৈয়দ গ্যাস ও কেমিক্যালস লিমিটেড<br>৮২, মতিঝিল বা/এ, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২২ সালের ১ম কিস্তির জন্য সুপারিশকৃত R-22 (মে.টন) | কমিটি কর্তৃক ২০২২ সালের ১ম কিস্তির জন্য সুপারিশকৃত R-22 (ওডিপি টন) |
|---|---|---|---|
| ৪. | আল-হাতিম রেফ্রিজারেশন<br>৩০৯ এনায়েত বাজার, জুবলী রোড, চৌধুরী মেশিনারী মার্কেট, (২য় তলা), চট্টগ্রাম | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৫. | ডেলকো ইঞ্জিনিয়ারিং<br>৫৮/১, পুরানা পল্টন, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৬. | সম্রাট ট্রেডিং<br>৪১/১/এ, পুরানা পল্টন, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৭. | লিন্ডে বাংলাদেশ লিমিটেড<br>২৮৫ তেজগাঁও শি/এ, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৮. | টোকিও রেফ্রিজারেশন<br>৩/৩/বি পুরানা পল্টন, সোলায়মান প্লাজা, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৯. | এশিয়ান রেফ্রিজারেশন ওয়ার্কস<br>১০৫, ইসলামপুর রোড, ৬ষ্ঠ তলা, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১০. | সায়মন রেফ্রিজারেশন ওয়ার্কস<br>৩৫, আহসানউল্লাহ রোড, ইসলামপুর, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১১. | এন, এন, এন্টারপ্রাইজ<br>২০৫/ডি, রহমান ম্যানশন, শোলকবহর, চট্টগ্রাম | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১২. | কুলটেক এন্টারপ্রাইজ<br>২০১, শহীদ সৈয়দ নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১৩. | জেবিআর ট্রেড ইন্টারন্যাশনাল<br>আরকান রোড, বহদ্দারহাট, চান্দগাঁও, চট্টগ্রাম | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১৪. | নঈম এন্টারপ্রাইজ<br>৭৯, আহসান মঞ্জিল, নওয়াব বাড়ী, ২য় তলা, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১৫. | জাহান বিজনেস লিঃ<br>২৯/১/৩ টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল,ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১৬. | সজিব এন্টারপ্রাইজ<br>৫৬ মনিহার ক্লাসিক (৪র্থ তলা), শান্তিনগর, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১৭. | সেজান এন্টারপ্রাইজ<br>২৮, যোগীনগর লেন, ওয়ারী, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১৮. | আজিজ ট্রেড এন্ড ইঞ্জিনিয়ারিং লিমিটেড<br>২২৫ তেজগাঁও আই/এ, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ১৯. | মোজাহের ট্রেডার্স<br>৬১/৩ বিসিসি রোড, ওয়ারী, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২২ সালের ১ম কিস্তির জন্য সুপারিশকৃত R-22 (মে.টন) | কমিটি কর্তৃক ২০২২ সালের ১ম কিস্তির জন্য সুপারিশকৃত R-22 (ওডিপি টন) |
|---|---|---|---|
| ২০. | রুহুল আমিন রেফ্রিজারেশন<br>৫৩/১ বিসিসি রোড, ওয়ারি, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২১. | হুইজ এয়ার কন্ডিশনিং এন্ড কমিউনিকেশন সিস্টেম লি.<br>১১৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রুপায়ন ট্রেড সেন্টার, বাংলামটর, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২২. | এস এ ট্রেডার্স<br>এএন্ডএ টাওয়ার, ১৭৩ ইনার সারকুলার রোড পেপার সিটি মার্কেট, দোকান নং-২৮ আরামবাগ, মতিঝিল, ঢাকা। | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২৩. | সৈয়দ ইন্ডাস্ট্রিজ লিমিটেড<br>৮২, মতিঝিল বা/এ, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২৪. | নিশাত ট্রেডার্স<br>২৫/১ জয়কালী মন্দির রোড, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২৫. | সাজেদা এন্ড কোং<br>১৬,কাওরান বাজার, আম্বর শাহ্ শাহী মসজিদ মার্কেট (৩য় তলা), ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২৬. | বিসমিল্লাহ রিফ্রিজারেশন<br>২নং জয়কালী মন্দির রোড, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২৭. | হোসেন এন্টারপ্রাইজ<br>১৭৫, মোল্লারটেক, দক্ষিনখান, উত্তরা, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২৮. | দেওয়ান ইলেকট্রিক এন্ড কোম্পানি<br>৪২, সাবেরা মার্কেট, উত্তর গুলশান, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ২৯. | গালফ ইন্টারন্যাশনাল এসোসিয়েশন লিমিটেড<br>বাড়ী-২৫, রোড-১০৭, গুলশান-২, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩০. | সবুজ ট্রেডার্স<br>ট-১৩৭/১, বীর উত্তম এ কে খন্দকার সড়ক, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২ | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩১. | এম এ ইঞ্জিনিয়ারিং<br>১০/বি, ফোল্ডার ষ্ট্রীট, ওয়ারী, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩২. | ভাই ভাই রেফ্রিজারেশন<br>৮৮, বিসিসি রোড, ঠাটারীবাজার, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩৩. | এপেক্স ট্রেডিং কোং<br>৭২, বিসিসি রোড, ওয়ারী, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩৪. | টিউলিপ এন্টারপ্রাইজ<br>৪৫/১/এ, গণকটুলি লেন, হাজারিবাগ, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩৫. | আবিদ ট্রেডার্স | ৭.৭৫২ | ০.৪২৬ |

| ক্রম | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কমিটি কর্তৃক ২০২২ সালের ১ম কিস্তির জন্য সুপারিশকৃত R-22 (মে.টন) | কমিটি কর্তৃক ২০২২ সালের ১ম কিস্তির জন্য সুপারিশকৃত R-22 (ওডিপি টন) |
|---|---|---|---|
| | ২৫/১, তোপখানা রোড, ঢাকা | | |
| ৩৬. | নাবিলস ট্রেড কর্পোরেশন<br>৬৬ বিসিসি রোড, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩৭. | সারা কর্পোরেশন<br>১৯ বাগিচারটেক, পশ্চিম রামপুরা, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩৮. | এমএস রেফ্রিজারেশন<br>৫২/২, বিসিসি রোড, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৩৯. | তালুকদার ট্রেড ইন্টারন্যাশনাল<br>৮৯৫, ইব্রাহিমপুর, কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| ৪০. | পাওয়ার সনিক ট্রেড ইন্টারন্যাশনাল<br>৪৯, মতিঝিল বা/এ, ঢাকা | ৭.৭৫২ | ০.৪২৬ |
| | **সর্বমোট** | ৩৭৯.৮৪৮ | ২০.৮৭৪ |

02/06/2022
(মোহাম্মদ আব্দুল মোতালিব)
উপ-পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য সচিব

02/06/22
(মির্জা শওকত আলী)
পরিচালক (জলঃ পরিঃ ও আন্তঃ কনঃ)
ও
সদস্য

02/06/2022
(মোঃ জিয়াউল হক)
পরিচালক (ঢাকা অঞ্চল)
ও
সদস্য

02/06/2022
(সৈয়দ নজমুল আহসান)
পরিচালক (বায়ুমান ব্যবস্থাপনা)
ও
সদস্য

০২/০৬/২০২২
(মোঃ হুমায়ুন কবীর)
অতিরিক্ত মহাপরিচালক
ও
আহ্বায়ক